গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী **নম্বর-১৭২**

রাজশাহীকে আধুনিক শিক্ষানগরী হিসেবে গড়ে তুলতে হবে

-শিক্ষামন্ত্রী

রাজশাহী; ২৩ মাঘ (০৬ ফেব্রুয়ারি):

দেশের শিক্ষানগরী হিসেবে সুপরিচিত রাজশাহী শিক্ষানগরীকে আধুনিক শিক্ষানগরী হিসেবে গড়ে তোলার তাগিদ দিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।

তিনি বলেছেন, শিক্ষাক্ষেত্রে সকলে মিলেমিশে কাজ করে সবার জন্য সমান সুযোগ সৃষ্টি করতে হবে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে শিক্ষার্থীদের আধুনিক শিক্ষার মধ্যদিয়ে দক্ষ করে গড়ে তোলার কোনো বিকল্প নেই। তিনি বলেন, যেহেতু রাজশাহী শহর আমাদের দেশে শিক্ষানগরী হিসেবে সুপরিচিত তাই এখানকার শিক্ষকদের দায়িত্ব অনেক। এই শিক্ষানগরী যাতে আধুনিক শিক্ষানগরী হিসেবে গড়ে উঠে সেজন্য এখানকার শিক্ষকদের মূখ্য ভুমিকা পালন করার করতে হবে।

মন্ত্রী মঙ্গলবার (০৬ ফেব্রুয়ারি) সন্ধ্যায় রাজশাহী মেডিকেল কলেজের ডা. কাইছার রহমান চৌধুরী অডিটোরিয়ামে বিভাগের বিভিন্ন স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রধানগণের সঙ্গে 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে মতবিনিময় সভা'য় প্রধান অতিথির বক্তৃতাকালে এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, আমাদের শিক্ষার্থীদের মাঝে দক্ষতা নিয়ে মানুষ হওয়ার মানসিকতা গড়ে তোলার চেষ্টা করতে হবে। ঔপনিবেশিক শিক্ষাব্যবস্থা পরিহার করতে হবে। শিক্ষার সঙ্গে তাদের অর্থনৈতিক সংকীর্ণতা একটি বড় চ্যালেঞ্জ– এটি উত্তরণ করার জন্য উন্নত দেশের মতো নিজেকে দক্ষ হিসেবে গড়ে তুলে শিক্ষার পাশাপাশি অন্য যেকোনো ক্ষেত্রে নিজেকে যোগ্য হিসেবে প্রমাণ করতে হবে। শিক্ষার্থীদের দেখতে হবে তারা কীভাবে নতুন কাজে দক্ষতা অর্জন করতে পারে এবং সেদিকে বিশেষভাবে গুরুত্ব দিতে হবে। প্রযুক্তিগতভাবে শিক্ষার্থীদেরকে গড়ে তুলতে হবে, যাতে আমরা সকল ক্ষেত্রে দক্ষতা অর্জন করতে পারি।

ভালো ফলাফল মানেই ভালো চাকরি এই মানসিকতা থেকে শিক্ষার্থীদের বের করার পরামর্শ দিয়ে মহিবুল হাসান চৌধুরী শিক্ষকদের উদ্দেশে বলেন, বাস্তব জীবন সাহেবি জীবন নয়। বাস্তব শিক্ষার সঙ্গে মানিয়ে নিয়ে নিজেকে দক্ষ হিসেবে গড়ে তোলাই জাতির পিতার স্বপ্ন ছিল। শিক্ষার্থীদেরকে নতুন নতুন দক্ষতা অর্জনে উদ্বুদ্ধ করতে হবে। কলেজের শিক্ষার মান নিয়ন্ত্রণ করা কঠিন, তবে এ কঠিন কাজটি অত্যন্ত নিষ্ঠার সঙ্গে নিরলসভাবে করতে হবে।

আলাদা আলাদা বিষয়ে শিক্ষিত হয়েও অনলাইন, প্রযুক্তিগত বা ফ্রিল্যান্সিং এর মতো বিষয়ে নিজেকে দক্ষ করে গড়ে তুলে বিশ্ব কর্মজগতে নিজেকে আদর্শ হিসেবে সুপ্রতিষ্ঠিত করতে হবে উল্লেখ করে তিনি শিক্ষক নিয়োগের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতার উপর জোর দেন। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে আমাদেরকে ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ার পরিকল্পনা নিয়ে এগিয়ে যেতে হবে।

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd

এ সময় শিক্ষামন্ত্রী শিক্ষকদের যাবতীয় সমস্যা মনোযোগ দিয়ে শুনেন এবং তা সমাধানে আশ্বাস প্রদান করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের সচিব সোলেমান খান এর সভাপতিত্বে অনুষ্ঠানে রাজশাহী-২ আসনের সংসদ সদস্য শফিকুর রহমান বাদশা, শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক নেহাল আহমেদ, রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মো. অলীউল আলমসহ বিভাগের বিভিন্ন সকল সরকারি-বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রধানগণ উপস্থিত ছিলেন।##

.....

তৌহিদ/সিকান্দার/সাইদুর/হালিম/২০২৪/২২.৩০